গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা
www.bpc.gov.bd

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

নম্বর: ২৮.০৩.০০০০.০০০.০০৮.৩২.০০০৫.২৫.৬৯৫

ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন একটি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান। পেট্রোলিয়াম পণ্যের আমদানি, পরিশোধন, সংরক্ষণ, বিপণন ও বিতরণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে বিপিসি নিরলসভাবে কাজ করে আসছে। এ কর্পোরেশনের আওতায় একাধিক সহযোগী কোম্পানি রয়েছে।

আগামী প্রজন্মকে পেট্রোলিয়াম ও জ্বালানি খাতের কর্মপরিবেশের সাথে পরিচয় করিয়ে দেওয়া এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির সুযোগ প্রদানের লক্ষ্যে বিপিসি ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালনা করে থাকে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অধীন ২০২৬-২০২৭ অর্থবছরে ০৬ (ছয়) মাস মেয়াদে ০৮ (আট) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো:

আবেদনের যোগ্যতা	আবেদনের পদ্ধতি ও শর্তাবলী
১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। ২। যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং অথবা জ্বালানি সংক্রান্ত গবষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে ভূতত্ত্ব/ পদার্থবিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান/ রসায়ন/ ফলিত রসায়ন/ গণিত/ ফলিত গণিত/ পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান/ অর্থনীতি/ আইন/ বাণিজ্য (একাউনন্টিং/ ফাইন্যান্স/ মার্কেটিং/ ব্যাংকিং)/ জনপ্রসাশন/ আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং আবেদনকারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে সর্বশেষ পরীক্ষার সিজিপিএ গ্রেড পয়েন্ট ৪.০ স্কেলে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। ৩। স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে। ৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে। ৫। আবেদনকারীকে কম্পিউটার পরিচালনায় (MS Word, MS Excel, MS PowerPoint) দক্ষ হতে হবে। ৬। আবেদনকারীর বাংলা ও ইংরেজি ভাষাগত দক্ষতা ভালো হতে হবে। ৭। আবেদনকারীকে নতুন দক্ষতা অর্জনে আগ্রহী, পরিশ্রমী ও অধ্যবসায়ী হতে হবে। ৮। সাপ্তাহিক কার্যদিবসের সকাল ০৮:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত ইন্টার্নশিপ ব্যতীত অন্য কোনো শিক্ষা/প্রশিক্ষণ/চাকুরিতে সম্পৃক্ত থাকতে পারবেন না। ৯। এই ইন্টার্নশিপ একটি স্বতন্ত্র প্রোগ্রাম, এর সাথে বিপিসি'র অন্য কোনো প্রশিক্ষণ সরাসরি সম্পৃক্ত নয়।	• আগ্রহী প্রার্থীকে বিপিসি'র ওয়েব সাইটে (bpc.gov.bd) প্রদত্ত লিংকে প্রবেশ করে নির্ধারিত ফর্ম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। • কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে। • ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। • নিয়মিত কর্মসম্পাদনের জন্য ইন্টার্নদের মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করা হবে। • বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন/ এর আওতাধীন কোম্পানিসমূহের নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে। • ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী ইন্টার্নশিপ ভাতা প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন সংগ্রহ করতে হবে। • ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে। • ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না। • প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট অনুলিপি প্রদান করতে হবে। • চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ইমেইলে অবহিত করা হবে। • পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না। • প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে এর সনদের সূত্রধরে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বা এর অধীন কোনো দপ্তর/সংস্থা/কোম্পানিতে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে স্থায়ীভাবে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না। • নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে। • ইন্টার্ন বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

*****আবেদনের সর্বশেষ তারিখ : ১৫ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা।**

১৪-১০-২০২৬
শাহিনা সুলতানা
সচিব
ফোন : ০২৩৩৩৩৮৯৭০৭
ইমেইল : secretary@bpc.gov.bd

নম্বর: ২৮.০৩.০০০০.০০০.০০৮.৩২.০০০৫.২৫.৬৯৫/১ (১৪)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (অপারেশন্স), পরিচালন, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২। পরিচালক(অর্থ), অর্থ ও হিসাব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৩। পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৪। পরিচালক (বিপণন) (অতিরিক্ত দায়িত্ব), বন্টণ, বাজারজাতকরণ ও পরিবীক্ষণ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬। উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৭। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল), বিপিসি'র অধীনস্থ কোম্পাানিসমূহ।
৮। উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৯। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন/সংস্থাপন/জনসংযোগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
১০। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
১১। উপব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), এমআইএস, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন [বিপিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
১২। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
১৩। সচিব এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত দায়িত্ব), সাচিবিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
১৪। অফিস কপি।

১৪-১০-২০২৬
শাহিনা সুলতানা
সচিব